

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

১০, নগর ভবন, নারায়ণগঞ্জ।

ট্রেড লাইসেন্স প্রাপ্তির নিয়মাবলী সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাধীন সম্মানিত ব্যবসায়ীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত নিয়মাবলী অনুসরণ করে ট্রেড লাইসেন্স গ্রহণ করার নিমিত্ত আবেদন করার জন্য অনুরোধ করা হল। এই ব্যাপারে কোন বিষয় জ্ঞান রাখলে অফিস চলাকালীন সময় নগর ভবন, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন –এর লাইসেন্স শাখায় যোগাযোগ করার অনুরোধ করা হল।


১. ব্যবসা প্রতিষ্ঠানের অবস্থানগত অস্তিত্ব থাকতে হবে।
২. অবশ্যই ব্যবসার ধরন উল্লেখ করতে হবে।
৩. প্রতিষ্ঠানের ভাড়া গ্রহণের চুক্তিপত্র/প্রতিষ্ঠান নিজস্ব হলে হোল্ডিং কর পরিশোধের রশিদ সংযুক্ত করতে হবে।
৪. ব্যবসা প্রতিষ্ঠান সরকারি জায়গায় অবস্থিত হলে তার লিফট/ইজারা বরাদ্দপত্র দাখিল করতে হবে।
৫. আবেদনকারীর বর্তমান ও স্থায়ী ঠিকানা আবেদন পত্রে উল্লেখ করতে হবে।
৬. আবেদন পত্রের সাথে জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ/ নাগরিকত্ব সনদপত্র এর যে কোন একটি সংযুক্ত করতে হবে।
৭. ব্যবসার ধরন অনুযায়ী নির্ধারিত ফি পরিশোধ করতে হবে।
৮. লাইসেন্স নবায়নের ক্ষেত্রে ৩০০/- টাকা আয়কর পরিশোধ বাবদ-(১-১১৪১-০১১৫-০১১১) কোড নম্বরে ট্রেজারী চালানের কপি এবং হাল নাগাদ আয়কর সনদ সংযুক্ত করতে হবে।
৯. প্রতিষ্ঠানের ঠিকানা পরিবর্তনের ক্ষেত্রে নতুন ঠিকানার চুক্তিপত্রের ফটোকপি এবং পূর্বের ঠিকানায় কোন দায়-দেনা নেই মর্মে ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্টাম্পে হালফনামা দাখিল করতে হবে।
১০. প্রতিষ্ঠানের মালিকানা পরিবর্তনের ক্ষেত্রে পূর্বের মালিকের উল্লিখিত ব্যবসা প্রতিষ্ঠানের নামে কোন দায়-দেনা নেই এবং মালিকানা পরিবর্তনে তার কোন আপত্তি নেই মর্মে ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্টাম্পে হালফনামা দাখিল করতে হবে।
১১. প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের ক্ষেত্রে প্রতিষ্ঠানের পূর্বের নামে কোন দায়-দেনা ছিলনা বা নেই মর্মে ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্টাম্পে হালফনামা দাখিল করতে হবে।
১২. আবেদনকারীর ৩(তিন) কপি সত্যায়িত ছবি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
১৩. উল্লিখিত তথ্যাবলীসহ নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
১৪. আবেদন প্রাপ্তির পর সরেজমিনে তদন্ত শেষে ৭(সাত) দিনের মধ্যে ট্রেড লাইসেন্স ইস্যু করা হবে।

(এ বি এম আমিন উল্লাহ নূরী)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

স্মারক নং- প্রসাঃ/লাইঃ/বিবিদ-০২/২০০৬-০৭-০৯ (১৩) (৫০)
সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

তারিখঃ ০২.০৯.২০১২ খ্রিঃ

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লি উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ৩। উপ কর কমিশনার, নারায়ণগঞ্জ।
- ৪। জনাব , কাউন্সিলর, নং ওয়ার্ড, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
- ৫। জনাব , নারায়ণগঞ্জ, সিডিরগঞ্জ, কদম রসুল অঞ্চল।
- ৬। পি.এ.টু মেয়র, (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
- ৭। কর পরিদর্শক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
- ৮। সভাপতি, চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, নারায়ণগঞ্জ।
- ৯। স্তম্ভপতি/সম্পাদক ইরান মার্চেণ্ড, নারায়ণগঞ্জ।
- ১০। সভাপতি/সম্পাদক হোসিয়ারী সমবায় সমিতি, নারায়ণগঞ্জ।
- ১১। সভাপতি/সম্পাদক ব্যবসায় সমিতি, নারায়ণগঞ্জ।
- ১২। সম্পাদক, বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় এক দিনের জন্য প্রচারের নিমিত্ত অনুরোধ করা হল।


(এ বি এম আমিন উল্লাহ নূরী)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন